**গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম**
www.chc.gov.bd

**বিষয়ঃ** গত **২৭/১১/২০১৬** খ্রিঃ তারিখে জারীকৃত **বাণিজ্যিক পণ্যচালানের** অপঘোষনার মাধ্যমে কোটি কোটি টাকা রাজস্ব ফাঁকি **প্রতিরোধের লক্ষ্যে** করণীয় নির্ধারণে আয়োজিত **সভার কার্যবিবরণীর** টেবিলের ক্রমিক নং-৬ এর সিদ্ধান্ত নিম্নোক্তভাবে **সংশোধন/প্রতিস্থাপন** করা হলোঃ

" **আনস্টাফিং সংক্রান্ত** বিষয়াদি এ দপ্তরের **অফিস আদেশ নং**-১২৭, তারিখঃ ৩০/১১/২০১১ খ্রিঃ ও অফিস আদেশ নং-১৭, তারিখঃ **১৯/১২/২০১১** খ্রিঃ মোতাবেক ব্যবস্থিত হবে।"

০২। **এছাড়া** কার্যবিবরণীর অন্যান্য অংশ **অপরিবর্তিত থাকবে।**

স্বাক্ষরিত/
(এ এফ এম আবদুল্লাহ খান)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ০২/ রাজস্ব/যোগযোগ/২০১৫ | ৭৯৫৩(৪) কাস্ট

তারিখঃ ০৪-১২-২০১৬ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ</u>

০১। এডিশনাল কমিশনার-১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০২। জয়েন্ট কমিশনার-১/২/৩ কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৩। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৩। ডেপুটি কমিশনার/এ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৪। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
০৫। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৬। বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপোস এসোসিয়েশন (বিকডা) আগ্রাবাদ, চট্টগ্রাম।
০৭। বাংলাদেশ ফ্রেইড ফরোয়ার্ডাস এসোসিয়েশন, আগ্রাবাদ, চট্টগ্রাম
০৮। বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, আগ্রাবাদ চট্টগ্রাম।
০৯। অপারেশন ম্যানেজার, কাস্টম হাউস, চট্টগ্রাম। কার্যবিবরণী কাস্টম হাউসের গ্রুপ মেইলে পোস্ট করার জন্য অনুরোধ করা হলো।
১০। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১১। পি এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১২। অফিস কপি।

04.12.2016

(মোঃ শাকিল খন্দকার)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

অফিস আদেশ নং ৯২৭ তারিখঃ ৩০/১১/২০১১।

বিষয় ঃ আনস্টাফিং সেকশনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের করণীয়।

কন্টেইনার আনস্টাফিং (এইচ ডিভিশন নামে পরিচিত) সেকশন চট্টগ্রাম বন্দরের জেটি কাস্টমসের সমগ্র এলাকা নিয়ে গঠিত হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এর কার্যক্রম জেটি কাস্টমস অফিস ভবন থেকে পরিচালিত হবে। তবে বন্দরের প্রত্যেক গেইটে একটি করে আনস্টাফিং শাখা অফিস থাকবে। আনস্টাফিং কর্মকর্তাগণ নিম্নবর্ণিত কাজ করবেন। যথাঃ

(ক) আনস্টাফিংয়ের দায়িত্বে পদস্থ কর্মকর্তাগণ অনুমোদিত ইয়ার্ডে/স্থলে উপস্থিত থেকে এ কাজ করবেন। এ কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহকারী/ডেপুটি কমিশনার (আনস্টাফিং) রোস্টারের ভিত্তিতে আনস্টাফিং কর্মকর্তাগণকে নিয়োগ করবেন;

(খ) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কন্টেইনার আনস্টাফিং ইয়ার্ডসমূহে কেবল আনস্টাফিং করা যাবে। তবে অনুমোদিত আনস্টাফিং ইয়ার্ডসমূহ ব্যতীত অন্য কোন স্থানে, বিশেষ কারণে, যদি আনস্টাফিংয়ের প্রয়োজন হয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট নিকটবর্তী আনস্টাফিং ইয়ার্ডে কর্মরত আনস্টাফিং কর্মকর্তাকে ২(দুই) কপির মাধ্যমে লিখিতভাবে জানাবেন। আবেদনের মূল কপি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থাকবে এবং ডুপ্লিকেট কপিতে কর্মকর্তা স্বাক্ষর করে আবদেনকারী সিএন্ডএফ এজেন্টকে প্রদান করবেন। সংশ্লিষ্ট আনস্টাফিং কর্মকর্তা তা নিজে তদারকী করবেন এবং এ কাজ তদারকীতে অসুবিধা দেখা দিলে তিনি সঙ্গে সঙ্গে রাজস্ব কর্মকর্তা (আনস্টাফিং) কে জানাবেন এবং রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুমতি ব্যতীত আনস্টাফিং করার চেষ্টা করা হলে, আনস্টাফিং কর্মকর্তা সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করবেন;

(গ) আনস্টাফিংয়ের প্রয়োজনে প্রত্যেক সিএন্ডএফ এজেন্ট আউটপাশ বিল অব এন্ট্রি সংশ্লিষ্ট গেইটে গমন করে একজন আনস্টাফিং কর্মকর্তার নিকট হস্তান্তর করবেন। আনস্টাফিং কর্মকর্তা পরিশিষ্ট-ক এর ছক অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করবেন এবং বিল অব এন্ট্রি সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের নিকট হস্তান্তর করবেন। অতঃপর উক্ত এজেন্ট তার পণ্য চালান ডেলিভারী নেয়ার জন্য আনস্টাফিং ইয়ার্ডে গমন করবেন ও আনস্টাফিং সংক্রান্ত সকল ব্যবস্থা সম্পন্ন করবেন। আনস্টাফিং সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী নোট করার পর সংশ্লিষ্ট সহকারী রাজস্ব কর্মকর্তা তা রাজস্ব কর্মকর্তা (আনস্টাফিং) কে অবহিত করবেন এবং গেইট ডিভিশনে কর্মরত রাজস্ব কর্মকর্তাকে লিখিতভাবে জানাবেন। রাজস্ব কর্মকর্তা (আনস্টাফিং) তদারকী সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করবেন;

(ঘ) শুল্কায়িত পণ্যের বহির্ভূত কোন পণ্য কন্টেইনারে আছে কিনা তা তদারকীর উদ্দেশ্যে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট ইনভয়েস, প্যাকিং লিস্ট ইত্যাদি আনস্টাফিং ইয়ার্ডসমূহে কর্মরত আনস্টাফিং কর্মকর্তাকে দেখাবেন। তাতে কোন রকম অনিয়ম পাওয়া গেলে উক্ত কর্মকর্তা ডেলিভারী স্থগিত করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন। কোন রকম অনিয়ম না থাকলে তদারকীতে নিয়োজিত কর্মকর্তা স্বাক্ষর প্রদান করে পণ্য চালান খালাস দিবেন;

(ঙ) কার্যদিবস শেষে প্রত্যেক তদারকী কর্মকর্তা যে সমস্ত চালান তদারক করেছেন তার একটি সংক্ষিপ্ত বিবরণ পরিশিষ্ট-খ এর ছক অনুসারে সহকারী/ডেপুটি কমিশনার (আনস্টাফিং) এর নিকট প্রেরণ করবেন;

(চ) আউটপাশ বিল অব এন্ট্রির বিপরীতে সংশ্লিষ্ট গেইট দিয়ে মালামাল খালাসকালে গেইট ডিভিশনে কর্মরত রাজস্ব কর্মকর্তা আনস্টাফিং কর্মকর্তাকে খালাস সম্পর্কে অবহিত করা হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে পণ্য চালান খালাসের অনুমতি প্রদান করবেন। তার ব্যতিক্রম হলে খালাস প্রদান বন্ধ করে উর্ধ্বতন কর্তকর্তাকে অবহিত করবেন; এবং

(ছ) অনুচ্ছেদ 'ক' থেকে 'চ' এ গৃহীত কার্যক্রম আনস্টাফিং সেকশনের তত্ত্বাবধানকারী যুগ্ম কমিশনার/অতিরিক্ত কমিশনার নিয়মিত মনিটরিং করবেন এবং নিয়মিত [illegible] রিপোর্ট দাখিল করবেন।

পরিশিষ্ট-ক

| ক্রমিক নং | আমদানিকারকের নাম ও ঠিকানা | পণ্যের বিবরণ | সিএন্ডএফ এজেন্টের নাম | বিল অব এন্ট্রির নম্বর ও তারিখ | পেইডে আনস্টাফিং পোর্টের সময় | যে ইয়ার্ডে আনস্টাফিং হবে তার বর্ণনা | সিএন্ডএফ এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

পরিশিষ্ট-খ

তদারকী সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখ .....................

| ক্রমিক নং | ইয়ার্ড/স্থলের বিবরণ | তদারককৃত চালানের সংখ্যা | বিল অব এন্ট্রিসমূহের নম্বর ও তারিখ | অনিয়মের বিবরণী (যদি থাকে) | গৃহীত কার্যক্রম (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

অফিসারের নাম ও স্বাক্ষর .........................

তারিখ .........................

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো। [illegible] কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

৩। এই আদেশ জারীর সাথে সাথে অভিন্ন বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(ড. মারুফুল ইসলাম)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোনঃ ০৩১-৭১৩৯১৮।

নথি নং-এস/এসটাব/১০/৩১/একীভূত/২০১১/৪৩৮/২৭৫৮৭(১১) তারিখঃ ৩০/১১/২০১১।

অনুলিপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সহকারী/ডেপুটি কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। রাজস্ব কর্মকর্তা (এআইআর), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
৬। সদস্য (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। দ্বিতীয় সচিব (শুল্ক নীতি ও বাজেট), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮। পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৯। টার্মিনাল ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১০। রাজস্ব কর্মকর্তা (আনস্টাফিং), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৩। সভাপতি, বাংলাদেশ [illegible] এসোসিয়েশন, আজিজ কোর্ট, ৮৮/৮৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৪। কমিশনার অব কাস্টমসের ব্যক্তিগত সহকারী, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

## অফিস আদেশ

অফিস আদেশ নং- ৩৭ তারিখঃ ১৭/১২/২০১১।

বিষয় ঃ আনস্টাফিং সংক্রান্ত নির্দেশনা।

নিম্নবর্ণিত পণ্যচালানসমূহ আনস্টাফিংয়ের আওতা বহির্ভূত ঃ

(ক) অন-চেসিস ডেলিভারি

(খ) বাল্ক ও সরাসরি খালাসযোগ্য

(গ) শতভাগ কায়িক পরীক্ষার মাধ্যমে শুল্কায়িত

(ঘ) পিএসআইযোগ্য

(ঙ) স্ক্যানিংয়ের মাধ্যমে খালাসযোগ্য এবং

(চ) ওজন নির্ণয়ের মাধ্যমে খালাসযোগ্য।

২। উপরি-উক্ত পণ্য চালানসমূহসহ যেকোন ক্ষেত্রে সুস্পষ্ট কোন অভিযোগ থাকলে যুগ্ম কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তার নিকট থেকে নির্দেশ/অনুমতিপ্রাপ্ত হয়ে সহকারী/ডেপুটি কমিশনার (আনস্টাফিং) আনস্টাফিং করবেন।

৩। কোন কোন ক্ষেত্রে আনস্টাফিং প্রযোজ্য হবে তা আনস্টাফিংয়ের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম কমিশনার কর্তৃক নির্ধারিত হবে।

৪। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

স্বা/-
(ড. মারুফুল ইসলাম)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোন নং ঃ ৩১-৭১৩৯১৮।

নথি নং-এস/এস্টাব/১০/৪১/একীভূত/২০১১/৪৩৪/৫৩৯(৫৫) তারিখঃ ১৭ /১২/২০১১।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সহকারী/ডেপুটি কমিশানার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

৬। সদস্য (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮। পরিচালক (পরিবহন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৯। টার্মিনাল ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
১০। রাজস্ব কর্মকর্তা (আনস্টাফিং), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১১। সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১২। সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ড এসোসিয়েশন, আজিজ কোর্ট, ৮৮/৮৯, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১৪। কমিশনার অব কাস্টমস এর ব্যক্তিগত সহকারী, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি।

১৭/১২/১১

(মোঃ ফিরোজ উদ্দিন আহমেদ)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস,
কাস্টম হাউস, চট্টগ্রাম এর পক্ষে
ফোন ঃ ০৩১-৭১৫৩২২।